তারিখ ... 04 AUG. 1997......
পৃষ্ঠা .. ৬ কলাম .. ৬......

দৈনিক ইনকিলাব

১০৭

# শিক্ষা সচিবের সাথে সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতি নেতাদের সাক্ষাৎ

বাংলাদেশ সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি বেগম রেহানা খানম ও মহাসচিব মোহাম্মদ নজরুল ইসলামের নেতৃত্বে ৫ সদস্যের এক প্রতিনিধি গতকাল বিকাল ৩টায় শিক্ষাসচিব কাজী রকিব উদ্দিন-এর সাথে সচিবালয়স্থ তাঁর কক্ষে এক বৈঠকে মিলিত হন। এ সময় সহকারী শিক্ষকদের প্রথম-শ্রেণীর গেজেটেডকরণ, স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদফতর চালুকরণ, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার পদ সৃষ্টিকরণ, কৃষি শিক্ষকগণকে সহকারী শিক্ষককরণসহ সমিতির দশ দফা দাবী বাস্তবায়ন, মাধ্যমিক শিক্ষা সংক্রান্ত সকল প্রতিষ্ঠানের পেশাগত ও প্রশাসনিক পদে মাধ্যমিক শিক্ষায় অভিজ্ঞ পদধারীদের নিয়োগকরণ, বিদ্যালয় ও পরিদর্শন শাখার সকল শূন্য পদ জ্যেষ্ঠতার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে পূরণকরণ, অবৈধ পদোন্নতিপ্রাপ্ত পদধারীদের পদোন্নতি বাতিল করে প্যারেন্ট সার্ভিসে রিভার্টকরণ, বিসিএস স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা ক্যাডার গঠন, প্রশাসনিক সুবিচার নিশ্চিতকরণ, স্বজনপ্রীতি ও বৈষম্য দূরকরণ, সুষ্ঠু বদলীর নীতি মালা প্রণয়ন ও বাস্তবায়ন, কামিল ক্লাস শিক্ষকদের প্রশিক্ষণ ও পদোন্নতি প্রক্রিয়াভুক্তকরণ, আবেদনের নিষ্পত্তির সময়সীমা নির্ধারণকরণ প্রভৃতি দাবীসমূহ বিস্তারিত আলোচনা হয়েছে।

বৈঠক শেষে মাউশি অধিদফতর কর্তৃক সমিতির নেতা ও কর্মীদের বিরুদ্ধে বৈরীতা ও হয়রানিমূলক ব্যবস্থা গ্রহণের বিরুদ্ধে একটি লিখিত অভিযোগপত্র সচিবের নিকট হস্তান্তর করেন। প্রায় এক ঘন্টার অধিক সময়ব্যাপী বৈঠকে নেতৃবৃন্দ গভীর সন্তোষ প্রকাশ করেন। প্রতিনিধি দলের সহ-সভাপতি রশিদ উদ্দিন জাহিদ, যুগ্ম-সম্পাদক আবুল কাশেম খান ও সাংগঠনিক সম্পাদক সিরাজুল হক মন্টু প্রমুখ ছিলেন। প্রেস বিজ্ঞপ্তি।